



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ১৫তম সভার কার্যবিবরণী

০৯ ডিসেম্বর ২০২১, ২৪ অগ্রহায়ণ ১৪২৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)- এর Annual Performance Agreement টিমের ১৫তম সভা ০৯.১২.২০২১ তারিখ সকাল ১১.৩০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এবং টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ২। ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৩। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাউবি।
- ৪। এমএস মমতাজ বেগম, উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।

সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন

আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং টিম লিডার, এপিএ টিম, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ড. মো: আবু তাহের, সদস্য, ইউজিসি কে মূখ্য রিসোর্সপারসন করে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: প্রণয়ন ও বাস্তবায়ন' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা বাউবির সকল স্কুলের ডিন, বিভাগের পরিচালকবৃন্দ, মাঠ পর্যায়ের আঞ্চলিক পরিচালক এবং বাউবির সকল এপিএ বাস্তবায়নের জন্য গঠিত সকল কমিটি যেমন: নৈতিকতা কমিটি, শুদ্ধাচার কমিটি, ইনোভেশন কমিটি, সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন জন্য প্রধান তথ্য কর্মকর্তা ও বিকল্প তথ্য কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত কমিটি এবং সকল স্কুল, বিভাগ এবং শাখার এপিএ প্রতিনিধিগণ-এর অংশগ্রহণে ১২.১২.২০২১ তারিখ একটি আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মশালার অংশগ্রহণকারী, রিসোর্সপারসন, আলোচক, অনুষ্ঠানসূচি, Banner, ভেন্যু, এবং ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভিন্নদিক বিবেচনায় নিয়ে উক্ত কর্মশালার অনুষ্ঠানসূচি (সংযোজনী-১) এবং Banner (সংযোজনী-২) চূড়ান্ত করা হয় এবং উক্ত কর্মশালাকে সাফল্যমণ্ডিত করার বিষয়ে সকল প্রকার সহযোগিতা করার বিষয়ে সকল সদস্য অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজনীন আখতার
০৯/১২/২০২১

নাজনীন আখতার
যুগ্ম পরিচালক (কাউন্সিল)

ও

ফোকাল পয়েন্ট, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

ড. মহাঃ শফিকুল আলম
০৯/১২/২০২১

ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার

এবং

টিম লিডার, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।